

পাঠ ১৫

## বাক্য লিখি



### শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

- প্রমিত উচ্চারণে বলা পরিচিত শব্দ ও বাক্য মনোযোগ সহকারে শুনে বুঝতে পারা।
- প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, আদেশ, অনুরোধ ও উপদেশ শুনে বুঝতে পারা।
- পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন), বাক্য স্পষ্ট স্বরে শুদ্ধভাবে বলতে পারা।
- পরিচিত পরিবেশে প্রশ্ন-উত্তর এবং সম্বোধন ও অনুরোধ করতে পারা।
- বিদ্যালয় ও পারিবারিক পরিবেশে উপযোগী প্রশ্ন, নির্দেশনা, কথোপকথন বুঝে সহজ বাক্যে প্রমিত বাংলায় লিখতে পারা।
- সম্বোধন ও অনুরোধবাচক শব্দ ও বাক্য লিখতে পারা।

### পাঠের শিখনফল

- ১.২.২ বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারব।
- ২.১.৪ অনুরোধজ্ঞাপক বাক্য শুনে সাড়া দিতে পারব।
- ৫.২.২ স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারব।
- ৬.১.৩ স্পষ্ট স্বরে অনুরোধ জানাতে পারব।
- ৬.১.২ স্পষ্ট স্বরে প্রাসঙ্গিক প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর বলতে পারব।
- ১৪.২.১ সম্বোধনবাচক শব্দ ও বাক্য লিখতে পারব।
- ১৪.১.৩ সহজ বাক্যে প্রমিত বাংলায় প্রশ্নের উত্তর লিখতে পারব।
- ১৪.২.২ সহজ অনুরোধমূলক বাক্য লিখতে পারব।

বানান সতর্কতা নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

ভাত	দুধ	দাও	খাও	দিন	কখন
-----	-----	-----	-----	-----	-----



## ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক

সহায়িকার সূত্র সংবলিত



প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাপ্রিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

### পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর



চলো, পারি কি না দেখি

১ লিখি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৩২

দাও আমাকে বই দাও।

খাও

দিন

উত্তর :

দাও আমাকে বই দাও।

খাও মাছ ভাত খাও।

দিন মিনিকে কলম দিন।

২ লিখি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৩২

কী তুমি কী খাবে?

কে

কখন

উত্তর :

কী তুমি কী খাবে?

কে বাড়িতে কে এসেছিল?

কখন ভাই কখন আসবে?

### মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ



সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

শোনা শিক্ষকের নিকট শুনে লিখি

প্রশ্ন ১. সাধারণ বাক্য কী? তিনটি সাধারণ বাক্যের উদাহরণ দাও।



▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১১৭

উত্তর : আমরা প্রতিদিন যেসব সাধারণ কথা বলি সেগুলোই সাধারণ বাক্য।

যেমন :

ক. রাতুল বই পড়ে।

খ. আমি স্কুলে যাই।

গ. আমি লিখতে পারি।

বলা শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

প্রশ্ন ২. অনুরোধজ্ঞাপক বাক্য কী? তিনটি অনুরোধজ্ঞাপক বাক্য বল।

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১১৪

উত্তর : যে বাক্যে কিছু চাওয়া বা নিষেধ করা হয় সেটাই অনুরোধজ্ঞাপক বাক্য।

যেমন :


- ক. মাঠে যাও।  
খ. যাও, পড়তে বসো।  
গ. স্কুলে গিয়ে দুটুমি কোরো না।  
ঘ. অনেক রাত হয়েছে, ঘুমাতে যাও।  
ঙ. বাগানে যাও।

প্রশ্ন ৩. 'দিন' শব্দ দিয়ে অনুরোধমূলক বাক্য লেখ।

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১১৪

উত্তর :

'দিন' শব্দ দিয়ে অনুরোধমূলক বাক্য
আমাকে একটি বই দিন।
আমাকে একটি খাতা দিন।
আমাকে বাইরে যেতে দিন।
আমাকে একদিনের ছুটি দিন।

পড়া  নিচের প্রশ্নগুলোর উত্তর দিই


প্রশ্ন ৪. জিজ্ঞাসা বাক্য কাকে বলে? তিনটি উদাহরণ দাও।

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১১৫

উত্তর : যে বাক্যে কাউকে কিছু জিজ্ঞাসা করা হয় বা জানতে চাওয়া হয়, তাই জিজ্ঞাসা বাক্য।

যেমন :

- ক. তুমি কোন ক্লাসে পড়?  
খ. তোমার ভাইয়ের নাম কী?  
গ. তোমার বাবা কোথায়?

লেখা  নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

প্রশ্ন ৫. সম্বোধনমূলক বাক্য কী? তিনটি সম্বোধনমূলক বাক্য লেখ।

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১১৭

উত্তর : কাউকে উদ্দেশ্য করে কিছু বলা হয় যে বাক্যে তাকে সম্বোধনমূলক বাক্য বলে।



যেমন :

- ক. বাবা, এদিকে এসো।  
খ. রাতুল, রোদে দৌড়াদৌড়ি কোরো না।  
গ. স্যার, আমি একটি ছড়া বলতে চাই।


প্রশ্ন ৬. বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।

বাম পাশ	ডান পাশ
তোমার বাবার	কলম দিন।
আমাকে একটি	ভাত খাবে?
তুমি আর	নাম কী?
তুমি কি	কী খাবে?

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১১৬

উত্তর :

তোমার বাবার নাম কী?
আমাকে একটি কলম দিন।
তুমি আর কী খাবে?
তুমি কি ভাত খাবে?

শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন  নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/ পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/ অভিভাবকগণ নিচের 'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক' ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

মূল্যায়ন ক্ষেত্র	শিখনযোগ্যতা/ নির্দেশক	প্রারম্ভিক	ভালো	উত্তম
জ্ঞান	শব্দ শনাক্ত করতে পেরেছে।			
দক্ষতা	সম্বোধনমূলক শব্দ ব্যবহার করতে পেরেছে।			
	অনুরোধবাচক বাক্য লিখতে পেরেছে।			

